

## প্রেস বিজ্ঞপ্তি

### প্রিটোরিয়া বাংলাদেশ দূতাবাসে ‘মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩’ উদযাপন

বাংলাদেশ দূতাবাস, প্রিটোরিয়া, দক্ষিণ আফ্রিকা যথাযোগ্য মর্যাদায় বাংলাদেশের ‘মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩’ উদযাপন করেছে। দিবসের শুরুতে মান্যবর হাইকমিশনার নুর-ই হেলাল সাইফুর রহমান মহোদয় দূতাবাসের কর্মকর্তা-কর্মচারীবৃন্দের উপস্থিতিতে জাতীয় পতাকা উত্তোলন করেন এবং দূতাবাসের কর্মকর্তা-কর্মচারী এবং প্রবাসী বাংলাদেশিদের নিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুষ্পমালা অর্পণ করেন।

পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে ‘মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩’-এর অনুষ্ঠান শুরু হয়। এরপর মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্রমন্ত্রী, মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী মহোদয় কর্তৃক প্রেরিত বাণী পাঠ, আলোচনা সভা ও প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়।

মান্যবর হাইকমিশনার মহোদয় তাঁর বক্তব্যের শুরুতে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে যাঁর দূরদর্শী নেতৃত্বে বাংলাদেশ একটি সশস্ত্র মুক্তিযুদ্ধের মাধ্যমে স্বাধীনতা লাভ করে। জাতীয় চারনেতাসহ মুক্তিযুদ্ধের সকল শহীদের প্রতি শ্রদ্ধা নিবেদনসহ তাঁদের স্মরণ করে তিনি বলেন, পূর্ব পাকিস্তানের প্রতি যে-সব বঞ্চনা ও বৈষম্য করা হয়েছিল, তার বিরুদ্ধেই মুক্তিযুদ্ধ পরিচালিত হয় এবং বাংলাদেশ স্বাধীন হয়। তিনি বলেন, ২০৪১ সালের মধ্যে মাননীয় প্রধানমন্ত্রী উন্নত-সমৃদ্ধ-স্মার্ট বাংলাদেশ গঠনের লক্ষ্যে কাজ করে যাচ্ছেন। কবির কবিতা ‘উদয়ের পথে শূনি কার বাণী ভয় নাই ওরে ভয় নাই’ পঙক্তিটি উল্লেখ করে তিনি বলেন, এই কবিতার মন্ত্রে উজ্জীবিত হয়ে আমরা যেমন মুক্তিযুদ্ধের মাধ্যমে বিজয় অর্জন করেছি, তেমনি বঙ্গবন্ধুর কাঙ্ক্ষিত সোনার বাংলা এবং মাননীয় প্রধানমন্ত্রীর স্মার্ট বাংলাদেশ গঠনেও সক্ষম হবো।

আলোচনাসভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন দক্ষিণ আফ্রিকা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবদুল আউয়াল তানসেন, দক্ষিণ আফ্রিকা যুবলীগের কেন্দ্রীয় সমন্বয়ক রাজিব সারোয়ার, সাউথ ইন্স্ট এক্সচেঞ্জ-এর কান্ডি ডিরেক্টর বুলবুল আহমেদ, দক্ষিণ আফ্রিকা আওয়ামী লীগের তথ্য ও প্রচার বিষয়ক সম্পাদক নোমান সরকার প্রমুখ।

প্রামাণ্যচিত্র প্রদর্শন শেষে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।